

## **রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল**

বিভাগ/অধ্যায়ঃ দ্বাদশ অধ্যায়- ঈদ ও তার বিভিন্ন আহকাম রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## ঈদের নামাযের জন্য সুতরাহ

ঈদগাহ যদি ফাঁকা মাঠ অথবা ময়দানে হয় এবং সামনে কোন জিনিসের অন্তরাল না থাকে, তাহলে ইমামের সামনে কোন সুতরাহ রেখে নিতে হবে। ইবনে উমার (রাঃ) বলেন, 'আল্লাহর রসূল (সাল্লাল্লাছ আলাইহে ওয়াসাল্লাম) যখন ঈদগাহে বের হতেন, তখন একটি যুদ্ধান্ত্র (বর্শা) সঙ্গে নিতে আদেশ করতেন এবং সেটিকে তাঁর সামনে রাখা হত; অতঃপর তিনি সেটিকে সুতরাহ বানিয়ে নামায পড়তেন। আর লোকেরা তাঁর পিছনে থাকত। এরূপ তিনি সফরেও করতেন।' আর এখান থেকেই আমীরগণ এ কাজকে অভ্যাস বানিয়েছেন।[1] ইবনে মাজার এক বর্ণনায় এ কথা বেশী আছে যে, 'তার (সুতরাহ রাখার) কারণ এই যে, ঈদগাহ ছিল শূন্য ময়দানে; যেখানে সুতরাহ বানাবার মত কিছু ছিল না।'[2]

## ফুটনোট

- [1] (আহমাদ, মুসনাদ ২/১৪২, বুখারী ৪৯৪, মুসলিম ৫০১, আবূ দাউদ ৬৮৭, ইবনে মাজাহ ১৩০৪-১৩০৫, বাইহাকী ২/২৬৯)
- [2] (সহীহ ইবনে মাজাহ, আলবানী ১০৭৭নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4149

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন